

স্মারক নং- ২২.০০.০০০০.০০০.০৫২.৩১.০০০২.২৫-৪১১

তারিখ : ২৯ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩-এর আওতায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরে ০৬ (ছয়) মাস মেয়াদে মোট ১০ (দশ) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা হলো:

০১। আবেদনের যোগ্যতা:

- (ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
 - (খ) যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিবেশ বিজ্ঞান, ফরেন্সি, প্রাণিবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান, কৃষি, ভূগোল, দুর্যোগ ব্যবস্থাপনা, নগর ও অঞ্চল পরিকল্পনা, ডেভেলপমেন্ট স্টাডিজ, জলবায়ু পরিবর্তন এবং জীববৈচিত্র্য সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীদের পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং আবেদনকারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে সর্বশেষ পরীক্ষার সিজিপিএ গ্রেড ৪.০ স্কেলে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।
 - (গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে।
 - (ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।
- ০২। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।
 - ০৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।
 - ০৪। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০ (দশ হাজার) টাকা হারে “ইন্টার্নশিপ ভাতা” প্রদান করা হবে। “ইন্টার্নশিপ ভাতা” ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।
 - ০৫। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
 - ০৬। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী “ইন্টার্নশিপ ভাতা প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন সংগ্রহ করে” দাখিল করতে হবে।
 - ০৭। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন কর্মে নিয়োজিত রয়েছেন মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।
 - ০৮। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী/অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।
 - ০৯। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

- ১০। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইলে/মোবাইলে জানানো হবে বা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্বের সনদ, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ইত্যাদি) মূল কপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ১১। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। প্রার্থী ইন্টার্নশিপ সমাপ্তিতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বা এর আওতাধীন কোনো দপ্তর/সংস্থায় বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে স্থায়ীভাবে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।
- ১৩। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ১৪। নিয়োগের পর নির্বাচিত ইন্টার্নদের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিবালয়ে অথবা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় পদায়ন বা সংযুক্ত করা হতে পারে।
- ১৫। কর্তৃপক্ষ যেকোনো সময় এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ১৬। আবেদনের নিয়ম ও সময়সীমা:
আগ্রহী প্রার্থীগণকে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী **২৯ অক্টোবর ২০২৬** তারিখের মধ্যে নিচের লিংকে প্রবেশ করে অথবা QR Code স্ক্যান করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্দিষ্ট সময়ের পরে অথবা অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।
আবেদনের লিংক: <https://forms.gle/x4MV94FWpJuTfUhq6> (অথবা
<https://shorturl.at/6RgcN>) অথবা




(মিল্টন চন্দ্র রায়)
উপসচিব

ফোন: +৮৮০২-২৩৩৫৭২৪০

ই-মেইল: admin2@moeffcc.gov.bd

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ষোলশহর, চট্টগ্রাম (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. যুগ্মসচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রধান বন সংরক্ষক (ভারপ্রাপ্ত), বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. প্রোগ্রামার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।